# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনস্থ একটি অধিদপ্তরে কিছু সংখ্যক শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকগণের (পুরুষ ও মহিলা) নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য ভাতাসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত বেতনস্কেলে নিয়োগ করা হবে।

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | শূন্য পদের সংখ্যা | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | সিনিয়র ইন্সট্রাক্টর<br>বেতন গ্রেড-৬<br>স্কেল- ৩৫৫০০-৬৭০১০/- | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি। কম্পিউটার চালনায় দক্ষতা এবং সংশ্লিষ্ট বিষয়ে ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | সকল জেলা |
| ২. | সহকারী পরিচালক<br>বেতন গ্রেড- ৯<br>স্কেল- ২২০০০-৫৩০৬০/- | ৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | সকল জেলা |
| ৩. | গবেষণা কর্মকর্তা<br>বেতন গ্রেড- ৯<br>স্কেল- ২২০০০-৫৩০৬০/- | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রি এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | সকল জেলা |
| ৪. | ফিল্ড অফিসার<br>বেতন গ্রেড- ১০<br>স্কেল- ১৬০০০-৩৮৬৪০/- | ২৬ | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা;<br>২। উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ৩ ইঞ্চি এবং মহিলাদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট;<br>৩। বুকের মাপ: পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে ৩০-৩২ ইঞ্চি (সম্প্রসারিত)। | সকল জেলা |
| ৫. | কম্পিউটার টেকনিশিয়ান<br>বেতন গ্রেড- ১১<br>স্কেল- ১২৫০০-৩০২৩০/- | ১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ২ (দুই) বৎসরের ট্রেড কোর্স সার্টিফিকেট এবং কম্পিউটার চালনায় দক্ষতা। | সকল জেলা |
| ৬. | কম্পিউটার অপারেটর<br>বেতন গ্রেড- ১৩<br>স্কেল- ১১০০০-২৬৫৯০/- | ৩ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | সকল জেলা |

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | শূন্য পদের সংখ্যা | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ৭. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>বেতন গ্রেড- ১৪<br>স্কেল- ১০২০০-২৪৬৮০/- | ৬ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>সাঁটলিপিতে গতি-<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ৪৫ শব্দ<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ৭০ শব্দ<br>কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি-<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ<br>এছাড়া, কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, রাজশাহী, গাইবান্ধা ও সিলেট জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>(এতিম কোটার উপযুক্ত যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |
| ৮. | ফটোগ্রাফার<br>বেতন গ্রেড- ১৪<br>স্কেল- ১০২০০-২৪৬৮০/- | ৪ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বিভিন্ন ধরনের ক্যামেরা পরিচালনা ও ফটোগ্রাফিতে প্রশিক্ষণপ্রাপ্ত। ডার্করুমের কাজ, কেমিক্যাল ব্যবহার ও ফটোগ্রাফিক ল্যাবরেটরি পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন এবং কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | সকল জেলা |
| ৯. | ওয়্যারলেস অপারেটর<br>বেতন গ্রেড- ১৫<br>স্কেল- ৯৭০০-২৩৪৯০/- | ২১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ বৈদ্যুতিক ও বেতার যন্ত্রপাতি এবং বেতারযন্ত্রে যোগাযোগের নিয়মাবলী সম্বন্ধে মৌলিক জ্ঞানসম্পন্ন এবং মোর্স টেলিগ্রাফিতে প্রতি মিনিটে ২০টি শব্দ গ্রহণ ও প্রেরণের সক্ষমতা এবং কম্পিউটার চালনায় দক্ষতা।<br>তবে, টেলিযোগাযোগে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞতাসম্পন্ন প্রাক্তন সশস্ত্র বাহিনী বা পুলিশ সদস্যদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। | ঢাকা, নারায়নগঞ্জ, টাঙ্গাইল, চট্টগ্রাম, বান্দরবান, ফেনী, নোয়াখালী, রাজশাহী, পাবনা, নওগাঁ, নাটোর, রংপুর, কুড়িগ্রাম, খুলনা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, বরগুনা, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>(এতিম কোটার উপযুক্ত যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |
| ১০. | অফিস অ্যাসিসট্যান্ট<br>বেতন গ্রেড- ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | ১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় দক্ষতা। | সকল জেলা |
| ১১. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন গ্রেড- ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | ৪ | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি-<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ<br>এছাড়া, কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | সকল জেলা |
| ১২. | ল্যাবরেটরি অ্যাসিসট্যান্ট<br>বেতন গ্রেড- ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | ৩ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ফটো ক্যামিক্যাল তৈরীতে পর্যাপ্ত জ্ঞান, ছবি মুদ্রণ ও প্রক্রিয়াকরণে অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | সকল জেলা |

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | শূন্য পদের সংখ্যা | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১৩. | রিসিপশনিস্ট<br>বেতন গ্রেড- ১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/- | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেস পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত এবং দক্ষ হতে হবে;<br>(গ) উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ৬ ইঞ্চি এবং মহিলাদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ২ ইঞ্চি;<br>(ঘ) বুকের মাপ: পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে ৩০-৩২ ইঞ্চি (সম্প্রসারিত)। | সকল জেলা |
| ১৪. | ফিল্ড স্টাফ<br>বেতন গ্রেড- ১৭<br>স্কেল- ৯০০০-২১৮০০/- | ১৭৫ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট ৪ ইঞ্চি এবং মহিলাদের ক্ষেত্রে অন্যূন ৫ ফুট;<br>(গ) বুকের মাপ: পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে ৩১-৩৩ ইঞ্চি (সম্প্রসারিত)। | ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারিপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, বাগেরহাট, সাতক্ষীরা, মেহেরপুর, বরিশাল, ভোলা, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>(এতিম কোটার উপযুক্ত যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |
| ১৫. | ডার্করুম অ্যাসিসট্যান্ট<br>বেতন গ্রেড-১৮<br>স্কেল- ৮৮০০-২১৩১০/- | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ফটোগ্রাফিক ল্যাবরেটরির ডার্করুমে ০৩ (তিন) বৎসর কর্মের অভিজ্ঞতা;<br>(গ) ক্যামেরা পরিচালনা ও ছবি মুদ্রণ পদ্ধতি সম্পর্কে বাস্তব জ্ঞান;<br>(ঘ) সংশ্লিষ্ট বিষয়ে কম্পিউটার চালনায় দক্ষতা। | সকল জেলা |
| ১৬. | ডেসপ্যাচ রাইডার<br>বেতন গ্রেড-১৮<br>স্কেল- ৮৮০০-২১৩১০/- | ১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোটর সাইকেল চালনায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সধারী হতে হবে;<br>(গ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | সকল জেলা |
| ১৭. | অফিস সহায়ক<br>বেতন গ্রেড- ২০<br>স্কেল- ৮২৫০-২০০১০/- | ৩৩ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, ময়মনসিংহ, শেরপুর, চট্টগ্রাম, কুমিল্লা, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, নওগাঁ, দিনাজপুর, যশোর, ঝিনাইদহ, বাগেরহাট, সাতক্ষীরা, বরগুনা, সিলেট মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>(এতিম কোটার উপযুক্ত যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |

**<u>শর্তাবলী:</u>**

ক। **বয়স (০৪/০৪/২০২৩ তারিখে):**

(I) ক্রমিক নং-০১ এ উল্লিখিত পদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩৫ বছর।

(II) ক্রমিক নং-০২ হতে ১৭ পর্যন্ত বর্ণিত পদসমূহের ক্ষেত্রে সাধারণ প্রার্থী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা, এতিম, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যের কোটার প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩০ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩২ বছর।

(III) এছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের পরিপত্র নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ তারিখে স্ব-স্ব পদের বিপরীতে উল্লিখিত সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ। **অনলাইনে আবেদন ফরম পূরণ:** প্রার্থীকে টেলিটকের **Web address: http://cnp.teletalk.com.bd** এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও অন্যান্য সাধারণ নির্দেশনাবলী উক্ত ঠিকানায় (Link) পাওয়া যাবে।

গ। **পরীক্ষার ফি:** ক্রমিক নং-১ হতে ৩ এ উল্লিখিত পদের জন্য পরীক্ষার ফি টাকা ৬০০/- (ছয়শত), ক্রমিক নং-৪ এ বর্ণিত পদের জন্য ফি টাকা ৫০০/- (পাঁচশত), ক্রমিক নং-৫ এ উল্লিখিত পদের জন্য ফি টাকা ৩০০/-(তিনশত), ক্রমিক নং-৬ হতে ১৩ এ বর্ণিত পদের জন্য ফি টাকা ২০০/-(দুইশত) এবং ক্রমিক নং-১৪ হতে ১৭ এ উল্লিখিত পদের জন্য ফি টাকা ১০০/-(একশত)।

ঘ। **পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:** Online-এ আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature Upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থীকে প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করতে হবে। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে SMS করে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিবেন।

| | | |
|---|---|---|
| <u>প্রথম SMS</u> | : | CNP<space>User ID লিখে send করুন 16222 নম্বরে।<br>Example: CNP NCRPQBCR send to 16222 |
| Reply | : | Applicant's Name, Tk-000 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee, type CNP<space>YES<space>PIN and send to 16222. |
| <u>দ্বিতীয় SMS</u> | : | CNP<space>YES<space>pin লিখে send করুন 16222 নম্বরে।<br>Example: CNP YES (8 digit number) send to 16222 |
| Reply | : | Congratulations! Applicant's Name, payment completed successfully for examination fee. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx). |

ঙ। **<u>অনলাইনে আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):</u>**

| | | |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়।<br>(উল্লেখ্য যে, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে ফি জমাদান সম্পন্ন করতে হবে) | ৩০/০৪/২০২৩ খ্রিঃ<br>দুপুর ১২:০০ ঘটিকা। |
| খ) | আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়।<br>(উক্ত সময়ের মধ্যে শুধুমাত্র USER ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে অর্থাৎ ১৮/০৫/২০২৩ খ্রিঃ সন্ধ্যা ০৬:০০ টার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন) | ১৫/০৫/২০২৩ খ্রিঃ<br>সন্ধ্যা ০৬:০০ ঘটিকা। |

চ। কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ নিয়োগ সংক্রান্ত বিষয়ে যাবতীয় ক্ষমতা সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ **<u>শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে চূড়ান্তভাবে আবেদনপত্র জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।</u>**

**- বিজ্ঞাপনদাতা**